“মনেরে আজ কহ যে
ভালো মন্দ যাহাই আসুক
সত্যেরে লও সহজে।”

— রবীন্দ্রনাথ ঠাকুর

RNI NO - DELBEN/2001/2869
POSTAL REGD. NO. DL(ND)-11/6115/2018-19-20

Total pages 8

Posted on 8th & 9th June, 2021 from New Delhi PSO
Date of Publishing 6th June, 2021

অ্যাসোসিয়েশন সংবাদ-২০২১
ASSOCIATION SAMBAD

June - 2021 Volume 20 No.12

Price Rupee One

If undelivered please return to
Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

সম্পাদকের ডেস্ক থেকে

আজ সবাই জানে যে পৃথিবীর সব প্রাণীর মধ্যে বুদ্ধিমান প্রাণী মানুষ কি ভয়ঙ্কর বিপদের মধ্যে দিনযাপন করছে। পারমানবিক যুদ্ধ নয়, ধর্মযুদ্ধ নয়, মানুষ আজ একটি ভাইরাসের সঙ্গে যুদ্ধ করে চলেছে।

আজ সবার কাছে এটা পরিষ্কার যে এই ভয়ঙ্কর মারণ রোগের জন্য মানুষই দায়ী। মানুষ নিজেদের স্বার্থে প্রকৃতিকে নির্বিচারে ধ্বংস করে, একের পর এক মহামারী ডেকে এনেছে। তাই আজ গোটা বিশ্ব জুড়ে হাহাকার আজ স্বজন হারানোর কান্না ছাড়া কিছু নেই।

বিগত বছরের মত আবার একভাবে মহামারী তার তাণ্ডব চালিয়ে গেছে। প্রতি মুহূর্তে সে বুঝিয়ে দিয়েছে এই মারণরোগের কাছে মানুষ কত অসহায়। দেশের স্বাস্থ্য পরিকাঠামো ভেঙে পড়েছে, প্রাণদায়ী ওষুধের অপ্রতুলতা, অক্সিজেনের অভাব, হাসপাতালে বেড নেই, মানুষের সীমাহীন লোভ আর কালোবাজারী দেশের সাধারণ মানুষকে নাজেহাল করে দিয়েছে। এর ওপরে আছে বেরোজগারী, দারিদ্রতা। এই পরিস্থিতিতে কি ভাবে মানুষ বাঁচবে তারই দিশাহীন পথ খোঁজার চেষ্টা।

এর ওপর প্রকৃতির রুদ্র রোষ ভয়ঙ্কর ঘূর্ণিঝড় হয়ে আছড়ে পড়েছে ভারতের পূর্ব ও পশ্চিম দুই উপকূলে। মহামারী ও প্রাকৃতিক বিপর্যয় মানুষের জীবনকে তছনছ করে দিয়েছে। বিগত বছরের মতই আবার উপকূলবর্তী মানুষ সব হারিয়ে পথে বসেছে।

তারই মাঝে আশার আলো যে দিল্লিতে করোনার প্রকোপ কিছুটা কম। টীকাকরণের কাজ শুরু হয়েছে জোরকদমে। কিন্তু সেই জীবনদায়ী টীকা নিয়েও নানাধরণের অসুবিধার সম্মুখীন হচ্ছে সাধারণ মানুষ। যত বেশি মানুষের টীকাকরণ সম্ভব হবে তত তাড়াতাড়ি আমরা এই মহামারীর থেকে রেহাই পাবো। দৈনিক মৃত্যুর হার কম হলে আমাদের পারিপার্শ্বিক অবস্থার উন্নতি হবে।

দেশের এই প্রতিকূল পরিস্থিতিতে মানুষের মানসিক ভারসাম্য বজায় রাখা কঠিন হয়ে পড়েছে। একের পর এক আত্মীয়, বন্ধু, স্বজন হারানের ব্যাথায় দীর্ণ হতে হতে আমাদের মন ব্যাথাতুর হয়ে উঠেছে। এই অবস্থা থেকে মুক্তির জন্য আমরা প্রার্থনা করতে পারি। স্বজনহারাদের পাশে দাঁড়ানোর অঙ্গীকার করতে পারি। সমবেদনা জানাতে পারি।

ব্যক্তি ও সমাজ আপ্রাণ চেষ্টা করছে স্বাভাবিক জীবনে ফেরার। ফিরতে তো হবেই, কিন্তু কিভাবে? সেই উত্তর খুঁজতে গেলে আমাদের জীবনদর্শন এবং মানসিক উত্তরণের পথ সহজ সরল করতে হবে। শরীরে ও মনে সুস্থ থেকে দৈনন্দিন চাহিদাকে লাগাম দিয়ে এগিয়ে চলার চেষ্টা করতে হবে।

অ্যাসোসিয়েশন সংবাদ

বর্তমান দেশের করোনা পরিস্থিতির জন্য বেঙ্গল অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভার আয়োজন করা এই মুহূর্তে সম্ভব হচ্ছেনা। অবস্থার পরিবর্তন সাপেক্ষে সভার দিন ধার্য করে জানানো হবে।

সারা বিশ্ব এখন অতিমারীর প্রকোপে জর্জরিত। প্রতি মুহূর্তে ভয়াবহ দুঃসংবাদের সম্মুখীন হতে হচ্ছে আমাদের। এই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সমগ্র সদস্যরাও এই পরিস্থিতি নিয়ন্ত্রণের পরিকল্পনায় ব্রতী হয়েছেন।

যদিও আমাদের ক্ষমতা খুবই সীমিত, তবে উদ্যম অসীম। তাই, এই উদ্যোগকে সফল করার জন্য, বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লীর সাধারণ সম্পাদক, শ্রপী তপন সেনগুপ্ত মহাশয়ের তত্ত্বাবধানে একটি স্বেচ্ছাসেবক দলের গঠন করা হয়েছে। যদিও আমরা শারীরিক রূপে আপনাদের পাশে দাঁড়াতে অক্ষম (বর্তমান করোনা পরিস্থিতির জন্য) তবুও আমরা সর্বতোভাবে আপনাদের সহযোগীতায় প্রস্তুত।

আপনাদের সাহায্যার্থে, আমরা একটি "কোভিড সহায়তা কক্ষ" আরম্ভ করেছি। এই কক্ষের স্বেচ্ছাসেবকরা আপনাদের বর্তমান পরিস্থিতি - যেমন অক্সিজেন, চিকিৎসক, এ্যাম্বুলেন্স ইত্যাদি বিষয়ে আপনাদের অবগত করাবেন।

আপনাদের কাছে যদি এই ব্যাপারে কোন তথ্য থাকে, আপনারাও সেই তথ্য আমাদের পাঠাতে পারেন। আমাদের সীমিত ক্ষমতা, আপনাদের সম্মিলিত শক্তি ও সকলের একনিষ্ঠ প্রচেষ্টা, এই বর্তমান ভয়াবহ পরিস্থিতিকে নিশ্চয়ই পরাজিত করবে। ভালো থাকবেন, সুস্থ থাকবেন, সাবধানে থাকবেন।

শোকসংবাদ



গত ১৪ই মে ২০২১ চিত্তরঞ্জন পার্ক কালীবাড়ির সাধারণ সম্পাদক শ্রীবাস ভট্টাচার্য কোভিড আক্রান্ত হয়ে আজ পরলোকগমন করেছেন। তিনি বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রাক্তন কার্যকরী সমিতির সদস্য ছিলেন এবং চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজের প্রাক্তন সম্পাদক ও এক বিশিষ্ট সমাজসেবী ছিলেন। এছাড়া তিনি সর্বভারতীয় পর্বতারোহণ প্রকৃত শুভানুধ্যায়ীকে হারালাম। আমরা গভীরভাবে শোকাহত। ওঁর আত্মার শান্তি কামনা করি এবং ওঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি জানাই আন্তরিক সমবেদনা।

গত ২৮শে মে ২০২১ দিল্লির সাংস্কৃতিক জগতের বিশিষ্ট ব্যক্তিত্ব গৌতম ভট্টাচার্য পরলোকগমন করেছেন। মৃত্যুকালে ওঁর বয়স হয়েছিল ৬২। ইদানীং কিছুদিন ধরে উনি অসুস্থ ছিলেন। গৌতম ভট্টাচার্য দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একজন পরম হিতাকাঙ্খী সদস্য ছিলেন।

তিনি দীর্ঘদিন বেঙ্গল অ্যাসোসিয়েশনের কার্যকরী সমিতির সদস্য ছিলেন। এছাড়া

বেঙ্গল অ্যাসোসিয়েশনের সাহিত্য পত্রিকা দিগঙ্গনের সর্বাঙ্গীণ উন্নতিকল্পে ওঁর অবদান অনস্বীকার্য। গৌতম ভট্টাচার্য দিল্লির সাংস্কৃতিক জগতের মণিকোঠায় চিরভাস্বর হয়ে থাকবেন। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওঁর আত্মার শান্তি কামনা করি এবং ওঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি জানাই আন্তরিক সমবেদনা।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের আজীবন সদস্য ও দিল্লির সম্বিত নাট্যগোষ্ঠীর একনিষ্ঠ কর্মী, নাট্যকার, অভিনেতা অক্ষয় মাইতি করোনা আক্রান্ত হয়ে পরলোকগমন করেছেন। নাটক নিয়ে ভাবনা, নাটক লেখা, অভিনয় ও পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছেন। যে কোনো প্রতিবন্ধকতাকে খুব সাবলীলভাবে মোকাবিলা করার অসীম ক্ষমতাসম্পন্ন মানুষ ছিলেন তিনি। সম্বিত নাট্যগোষ্ঠীর অনেক নাটক ছাড়াও বিভিন্ন স্বল্পদৈর্ঘ্য ও পূর্ণদৈর্ঘ্যের ছবিতে অভিনয়ের স্বাক্ষর রেখে গেছেন তিনি। আমাদের কাছ থেকে চোখের জলে বিদায় নিলেও ওর অম্লান হাসি, আমাদের কাছে চির অক্ষয় হয়ে থাকবে। অক্ষয় মাইতির আত্মার চিরশান্তি কামনা করি এবং ওঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি জানাই আন্তরিক সমবেদনা।

রাজধানী দিল্লিতে বাংলা বইয়ের

একমাত্র নির্ভরযোগ্য প্রাপ্তিস্থান —

‘মুক্তধারা পুস্তক বিপণী’

ঠিকানা ঃ **মুক্তধারা**

ভাই বীর সিং মার্গ, গোল মার্কেট, নিউ দিল্লি-১১০০০১

‘মুক্তধারা পুস্তক বিপণী’

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি পরিচালিত মুক্তধারা পুস্তক বিপণীর কাজ বর্তমান সময়েও অব্যাহত আছে। সেই পরিপ্রেক্ষিতে জানাই আমাদের পুস্তক বিপণীর পুস্তকের নাম ও মূল্যতালিকা বেঙ্গল অ্যাসোসিয়েশনের ওয়েবসাইটে দেওয়া আছে। আপনাদের পছন্দের বই সহজেই সেখান থেকে পছন্দ করে ন্যূনতম ৩০০ টাকার বই-এর অর্ডার দিলে আমরা সেই বই আপনাদের ঠিকানায় পৌঁছে দেব।

কবিপক্ষে রবীন্দ্র-সাহিত্যের উপর ১৫% বিশেষ ছাড় দেওয়া হচ্ছে।

বই কিনুন, বই পড়ুন, বর্তমান সময়ে আপাদের একাকীত্ব দূর করতে বইকে আপনার সঙ্গী করুন।

এইভাবে সকলের সহযোগিতায়
বেঙ্গল অ্যাসোসিয়েশনের সঙ্গে সম্পর্ক সুস্থ ও সুদৃঢ় হয়ে উঠুক।